

সিনিয়র সিটেট এনালিস্ট এর কার্যবিল
জাহুরুল ইস্তাম ৭৩৪ তারিখ ২৬/০১/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

জাতীয় শুকাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্য সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভার কার্যবিবরণী

সভাপতি	:	সোহরাব হোসেন মহাপরিচালক
তারিখ	:	১৮.০৯.২০২২ খ্রি:
সময়	:	সকাল ০৯:৩০ ঘটিকা
স্থান	:	সদর দপ্তর ভবনের প্রশিক্ষণ কক্ষ
সভায় উপস্থিত প্রতিনিধি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, আমরা ডিজিটাল বাংলাদেশের সুবিধা উপভোগ করছি। এ লক্ষ্য অর্জনে সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠায় সর্বক্ষেত্রেই স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনসহ সেবা প্রদান প্রতিশুভি (সিটিজেনস চার্টার) অনুযায়ী দাপ্তরিক কর্মে শুকাচার প্রতিষ্ঠিত করতে হবে। তিনি আরো বলেন, সরকারি দপ্তরের প্রতিশুভ সেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সেবা ও পণ্যের মান সম্পর্কে নাগরিকের অস্তুষ্টি বা সংকুক্তা থেকে সাধারণত: অভিযোগের উৎপত্তি হয়। এ ক্ষেত্রে যুক্তিসংজ্ঞাত বা বাস্তবানুগ হোক বা না হোক, প্রতিকার চাওয়া বা বক্তব্য প্রদানের একটি কার্যকর ক্ষেত্র বা প্ল্যাটফর্ম থাকলে তাঁদের অসংযোগ বা ক্ষেত্রে প্রশমনের সুযোগ হয়। নাগরিকগণের মতামত গ্রহণ এবং অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণের জন্য বর্তমানে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রণীত হয়েছে। প্রণীত নির্দেশিকায় স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে সেবা প্রদানে সরকারি কর্মকর্তাগণকে অনুপ্রাণীত করার মাধ্যমে জনবাক্তব্য প্রশাসন গড়ার লক্ষ্য বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে। সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার জন্য সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করেন। এই আইনের আওতায় সেবা গ্রহণকারী নাগরিক আইনে নির্ধারিত তথ্যের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে পারেন। তথ্যটি আইন অনুযায়ী প্রদানযোগ্য হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান অথবা অপারগতা জানাতে বাধ্য।

০২। সভায় জুম অ্যাপ-এ সংযুক্ত থাকা বিটিভির ১৪টি উপকেন্দ্রের আওতাধীন ১৪ জন ক্যাবল অপারেটর এবং উপস্থিত কয়েকজন গুরী শিল্পী ও যাদু ভিশনের প্রতিনিধি সেবা প্রাপ্তির বিষয়ে তাঁদের মতামত ব্যক্ত করেন। ক্যাবল অপারেটর ও যাদু ভিশনের প্রতিনিধি তাঁর বক্তব্যে বলেন যে, ক্যাবল কার্যক্রম ডিজিটালকরণ বিলম্বিত হওয়ার কারণে ক্যাবল ব্যবসার গ্রহণ সংখ্যা কমে যাচ্ছে। এ প্রেক্ষিতে, দুটি ডিজিটালকরণ এবং ওটিটি পরিচালনার অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানান।

০৩। বিশিষ্ট সংগীত শিল্পী জনাব মো: খুরশিদ আলম বলেন, EFTN এর মাধ্যমে শিল্পী সম্মানী পরিশোধের ফলে সম্মানীর অর্থ থেকে ব্যাংক কিছু অর্থ কেটে রাখছে। তাছাড়া, তিনি সিনিয়র শিল্পীদের টিভি ভবনে প্রবেশের ক্ষেত্রে পাশ প্রদান জটিলতা দূর করে শুধুমাত্র সিনিয়র শিল্পীদের জন্য স্থায়ী পাশ প্রদান করা যায় কিনা তা বিবেচনার জন্য অনুরোধ জানান। বিশিষ্ট নৃত্য শিল্পী আমানুল হক বলেন, শিল্পীরা যাতে তাঁদের সম্মানী দুটি পায় সে বিষয়টি বিবেচনায় নিয়ে শিল্পী কর্তৃক অনুষ্ঠানের চুক্তিপ্রত্যক্ষ স্বাক্ষর আগেই করতে হবে। পরিচালক (বিজ্ঞাপন) সভায় জানান যে, বিজ্ঞাপন দাতারা অভিযোগ করেন খেলা শুরুর আগ মুহর্তে বিভিন্ন এলাকায় পরিচ্ছন্নভাবে বিটিভির প্রচার বিঘ্ন হওয়ার অভিযোগ পাওয়া যায়।

০৪। অতঃপর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) EFTN এর মাধ্যমে শিল্পী সম্মানী পরিশোধে ব্যাংক কর্তৃক কি কি চার্জ কেটে রাখে তা যাচাই করতে হবে;
- খ) কেপিআইভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে সিনিয়র শিল্পীদের অনুযায়ী পাশ প্রদান করা যাবে কিনা তা যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং
- গ) খেলা চলাকালে যাতে বিটিভি পরিচ্ছন্নভাবে দেখা যায় কন্ট্রালার/লাইসেন্স ম্যানেজার ক্যাবল অপারেটরগণের সাথে যোগাযোগপূর্বক তা নিশ্চিত করবেন। একইসাথে ক্যাবল কার্যক্রম ডিজিটালকরণ তরান্তিম করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

দ
সোহরাব হোসেন ৮৫৩৩৮৮
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

-০২-

নং-১৫.৫৪.০০০০.০২১.২২.০৫.১৯২.২২.২২৭৬/১৬)

তারিখ: ১০/১২/২০২২ আধিন ১৪২৯ বঙ্গাব্দ
সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যালয়ে অনুলিপি প্রেরণ করা হলো:

(জ্যোতির হ্রমানুসারে নয়)

- ০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৩। পরিচালক.....(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৭। অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৮। সহকারী পরিচালক (প্রশাসন-১/২/৪), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৯। উপকেন্দ্র প্রধান.....(সকল), বাংলাদেশ টেলিভিশন।
- ১০। কার্যালয় নথি।

নৃত্য. ২০২২

(মো: নাজিম উদ্দিন)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন: ৫৫১৩১৯৪০ (অফিস)

১৫/১২/২২

২০২২

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রযোজনীয় ব্যবস্থা নির্মাণ
প্রযোজনীয়-১	<input type="checkbox"/> উপস্থাপন করান
প্রযোজনীয়-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	সিনিয়র সিস্টেম এনালিস্ট

২০/১২/২২